

সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১০০৮

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২০১. দুই সাহু সিজদার বর্ণনা।

باب السَّهْوِ فِي السَّجْدَتَيْنِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدٍ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ أَيُّوبَ، عَنْ مُحَمَّدٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ صَلَّى بِنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِحْدَى صَلَاتَيِ الْعِشِيِّ - الظُّهْرِ أَوْ الْعَصْرِ قَالَ - فَصَلَّى بِنَا رَكَعَتَيْنِ ثُمَّ سَلَّمَ ثُمَّ قَامَ إِلَى خَشْبَةٍ فِي مُقَدِّمِ الْمَسْجِدِ فَوَضَعَ يَدَيْهِ عَلَيْهَا إِحْدَاهُمَا عَلَى الْأُخْرَى يُعْرِفُ فِي وَجْهِهِ الْغَضَبُ ثُمَّ خَرَجَ سَرْعَانَ النَّاسِ وَهُمْ يَقُولُونَ قَصُرَتِ الصَّلَاةُ قَصُرَتِ الصَّلَاةُ وَفِي النَّاسِ أَبُو بَكْرٍ وَعُمَرُ فَهَابَاهُ أَنْ يُكَلِّمَاهُ فَقَامَ رَجُلٌ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُسَمِّيهِ ذَا الْيَدَيْنِ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ أَنْسَيْتَ أَمْ قَصُرَتِ الصَّلَاةُ قَالَ " لَمْ أَنْسَ وَلَمْ تَقْصُرِ الصَّلَاةُ " . قَالَ بَلْ نَسِيتَ يَا رَسُولَ اللَّهِ . فَأَقْبَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الْقَوْمِ فَقَالَ " أَصَدَقَ ذُو الْيَدَيْنِ " . فَأَوْمَأُوا أَيْ نَعَمْ فَخَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى مَقَامِهِ فَصَلَّى الرَّكَعَتَيْنِ الْبَاقِيَتَيْنِ ثُمَّ سَلَّمَ ثُمَّ كَبَّرَ وَسَجَدَ مِثْلَ سُجُودِهِ أَوْ أَطْوَلَ ثُمَّ رَفَعَ وَكَبَّرَ ثُمَّ كَبَّرَ وَسَجَدَ مِثْلَ سُجُودِهِ أَوْ أَطْوَلَ ثُمَّ رَفَعَ وَكَبَّرَ . قَالَ فَقِيلَ لِمُحَمَّدٍ سَلَّمَ فِي السَّهْوِ فَقَالَ لَمْ أَحْفَظْهُ عَنْ أَبِي هُرَيْرَةَ وَلَكِنْ نُبِّئْتُ أَنَّ عِمْرَانَ بْنَ حُصَيْنٍ قَالَ ثُمَّ سَلَّمَ .

বাংলা

১০০৮. মুহাম্মাদ ইবন উবায়দ (রহঃ) আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের সাথে যোহর অথবা আসরের নামায আদায় করেন। তিনি দুই রাকাত নামায আদায়ের পর সালাম ফিরান। অতঃপর তিনি মসজিদের সম্মুখে অবস্থিত কাষ্ঠ খন্ডের নিকট গিয়ে তার ওপরে এক হাত অন্য হাতের উপর স্থাপন করে দন্ডায়মান হন। ঐ সময় তাঁকে রাগান্বিত মনে হচ্ছিল। তখন লোকেরা মসজিদ হতে নিগম্নকালে বলছিলঃ নামায কসর করা হয়েছে, নামায কসর করা হয়েছে (অর্থাৎ আল্লাহ চার রাকাতের স্থানে দুই রাকাত করে দিয়েছেন) ঐ সময়ে সমবেত মুসল্লীদের মধ্যে আবু বাকর (রাঃ) ও উমার

(রাঃ)-ও ছিলেন এবং তাঁরা এ ব্যাপার সম্পর্কে তাঁর সাথে আলোচনা করতে ভীত হন। ঐ সময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট হতে যুলযাদাইন উপাধিপ্রাপ্ত জনৈক সাহাবী দাঁড়িয়ে বলেনঃ ইয়া রাসূলাল্লাহ! আপনি কি ভুল করেছেন না নামায কসর (সংক্ষিপ্ত) করা হয়েছে?

জবাবে তিনি বলেনঃ না, আমি ভুল করিনি এবং নামায কসরও করা হয় নাই। তখন ঐ সাহাবী বলেনঃ ইয়া রাসূলাল্লাহ! তবে আপনি ভুল করেছেন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সমবেত জনগণের সম্মুখে উপস্থিত হয়ে জিজ্ঞাসা করেনঃ আচ্ছা, যুল-যাদাইন কি সত্য বলেছে? জবাবে সাহাবাগণ ইশারায় বলেনঃ জি হ্যাঁ। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বীয় স্থানে প্রত্যাবর্তনের করে বাকী দুই রাকাত নামায আদায় করে সালাম ফিরান। অতঃপর আল্লাহ আকবার বলে পূর্বের সিজদার সমপরিমাণ সময় অথবা তার চাইতে কিছু অধিক সময় ধরে সিজদা করেন। পরে আল্লাহ আকবার বলে মস্তক উত্তোলন করেন এবং পুনরায় আল্লাহ আকবার বলে পূর্ববর্তী সিজদার ন্যায় সিজদা করেন এবং পুনরায় আল্লাহ আকবার বলে মাথা উঠান।

রাবী বলেনঃ মুহাম্মাদ ইবন সীরীনকে সিজদায়ে সাহু এর পর সালাম করা সম্পর্কে জিজ্ঞাসা করা হলে জবাবে তিনি বলেনঃ এ ব্যাপারে আবু হুরায়রা (রাঃ) হতে আমার কিছু জানা নেই। তবে আমাকে জ্ঞাত করানো হয়েছে যে, ইমরান ইবন হুসায়ন (রাঃ) বলেছেন যে, সিজদায়ে সাহু এর পর তিনি সালাম ফিরিয়েছিলেন। (বুখারী, মুসলিম, তিরমিযী, নাসাঈ, ইব্ন মাজা)

English

Abu Hurairah said:

The Messenger of Allah (ﷺ) led us in one of the evening ('Asha) prayers, noon or afternoon. He led us in two Rak'ahs and gave the salutation. He then got up going towards a piece of wood which was placed in the front part of the mosque. He placed his hands upon it, one on the other, looking from his face as if he were angry. The people came out hastily saying: the prayer has been shortened. Abu Bakr and 'Umar were among the people, but they were too afraid to speak to him. A man whom the Messenger of Allah (ﷺ) would call " the possessor of arms" (Dhu al-Yadain) stood up (asking him): Have you forgotten. The Messenger of Allah, or has the prayer been shortened? He said: I have neither forgotten nor has it been shortened. He said : Messenger of Allah , you have forgotten. The Messenger of Allah (ﷺ) turned towards the people and asked : did the possessor of arms speak the truth? They made a sign , that is, yes. The Messenger of Allah (ﷺ) returned to his place and prayed the remaining two Rak'ahs, then gave the salutation; he then uttered the takbir and prostrated himself as usual or prolonged. He then raised his head and uttered the takbir; then he uttered the takbir and made prostration as usual or made longer (prostration). Then

he raised his head his and uttered the takbir (Allah is most great). The narrator Muhammad was asked : Did he give the salutation (while prostrating) due to forgetfulness? He said : I do not remember it from Abu Hurairah. But we are sure that 'Imran b. Husain (in his version) said; he then gave the salutation.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশার: ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারী: আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=23312>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন